মিন্নির জামিনের জন্য বরগুনা যাচ্ছেন শতাধিক আইনজীবী

বরগুনার রিফাত শরীফ হত্যায় গ্রেপ্তার তার স্ত্রী আয়েশা সিদ্দিকা মিন্নির জামিনের জন্য শতাধিক আইনজীবী শনিবার বরগুনা যাচ্ছেন। তারা রোববার আদালত খোলার দিনে মিন্নির জামিনের আবদেন করবেন।

বাংলাদেশ লিগ্যাল এইড অ্যান্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), আইন ও সালিশ কেন্দ্র (আসক), নিজেরা করি, এএলআরডিসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে শতাধিক আইনজীবী বরগুনায় পাঠানোর সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী জেড আই খান পান্না।

তিনি ফেসবুকে জানান, আজ (শনিবার) ঢাকা থেকে আইন ও শালিস কেন্দ্রের আইনজীবীরা, বরিশাল থেকে, পটুয়াখালী, ঝালকাঠি থেকে ব্লাস্টসহ অন্যান্য আইনজীবিরা বরগুনার পথে যাত্রা শুরু করেছে।

‘রবিবার মিন্নির জামিনের চেষ্টা চালাবেন। বরগুনা থেকে সুপ্রিম কোর্ট পর্যন্ত লড়াইয়ের প্রস্তুতি নিয়েছি। দেশের সব আইনজীবীদের সহানুভূতির জন্য এবং মানবাধিকার প্রতিষ্ঠার ভূমিকা স্মরণীয় হয়ে থাকবে।’

তিনি জানান, বরগুনায় রবিবার মিন্নির জামিনের জন্য ঢাকা, বরিশাল, ঝলকাটি, পটুয়াখালি থেকে ১০০’র অধিক আইনজীবি পাঠাচ্ছি। জামিন পরবর্তীতে ঢাকা সুপ্রিম কোর্ট থেকে নেয়ার প্রস্তুতি নিচ্ছি।’

এ মামলায় গ্রেফতার হয়ে পাঁচদিনের রিমান্ডে ছিলেন মিন্নি। দু’দিন রিমান্ডে থাকার পর শুক্রবার আদালত মিন্নির জবানবন্দী নেয়।

২৬ জুন বরগুনা সরকারি কলেজের সামনে রিফাতকে কুপিয়ে জখম করে স্থানীয় সন্ত্রাসী নয়ন বন্ড ও তার সহযোগীরা। ওই ঘটনার ভিডিও ফুটেজে দেখা যায়, মিন্নি আক্রমণকারীদের নিবৃত্ত করার চেষ্টা করছেন।

গুরুতর আহত রিফাতকে ওইদিন বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে বিকেলে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এ ঘটনায় রিফাতের বাবা দুলাল শরীফ বাদী হয়ে ১২ জনের নাম